

💵 শু'আবুল ঈমান (ঈমানের শাখাসমূহ)

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের শাখাসমূহ রচয়িতা/সঙ্কলকঃ ইমাম বাইহাকী

শাখা-৬৭. প্রতিবেশীর সাথে সদাচরণ

আল্লাহ্ সুবহানাহু তা'আলা বলেছেন,

وَبِالْوَالِدَيْنِ إِحْسَانًا وَبِذِي الْقُرْبَىٰ وَالْيَتَامَىٰ وَالْمَسَاكِينِ وَالْجَارِ ذِي الْقُرْبَىٰ وَالْجَارِ الْجُنُبِ وَالصَّاحِبِ بِالْجَنبِ وَابْن السَّبيل

পিতা মাতার সাথে ভালো ব্যবহার করো, নিকটাত্মীয়, ইয়াতিম ও মিসকিনদের প্রতি এবং প্রতিবেশী আত্মীয়ের প্রতি, আত্মীয়ের প্রতিবেশীর প্রতি, চলার সাথী ও পথিক-মুসাফিরদের প্রতি।[১]

ইবনু আব্বাস (রাঃ), মুজাহিদ (র), কাতাদা (র), কালবী (র), মুকাতিল ইবনু হিব্বান (র) এবং মুকাতিল ইবনু সুলাইমান (র) প্রমুখ এ আয়াতের ব্যাখ্যায় বলেছেন

(وَالْجَارِ ذِي الْقُرْبَىٰ) বলতে তোমার ও অন্যান্য প্রতিবেশীর মধ্যে যে বা যারা অপেক্ষাকৃত কম দূরত্বে রয়েছে তাদেরকে বুঝানো হয়েছে। আর-

وَالْجَارِ الْجُنُبِ) বলতে অপেক্ষাকৃত দূরের প্রতিবেশী বা প্রতিবেশীর প্রতিবেশীকে বুঝানো হয়েছে। (وَالْصَاحِبِ بِالْجَنْبِ) বলতে সফরসঙ্গী এবং বন্ধুকে বুঝানো হয়েছে।

আলী (রাঃ), আবদুল্লাহ ইবনু মাসউদ (রাঃ) এবং ইবরাহীম নখঈ (র) বলেছেন, (وَالصَّاحِبِ بِالْجَنبِ) বলতে স্ত্রীকে বুঝানো হয়েছে। সাঈদ ইবনু যুবাইর (রাঃ)-এর অভিমতও অনুরূপ।

আয়িশা (রাঃ) থেকে বর্ণিত। রাসুলুল্লাহ (সা.) বলেছেন

مَا زَالَ جِبْرِيلُ يُوصِينِي بِالْجَارِ حَتَّى ظَنَنْتُ أَنَّهُ سَيُورِّئُهُ

"জিবরীল এসে আমাকে প্রতিবেশীর ব্যাপারে এমন উপদেশ দিতে থাকলেন, ভাবলাম হয়তো তিনি প্রতিবেশীকে ওয়ারিশ বানিয়ে দেবেন।"[২]

ফুটনোট

- [১]. সূরা আন নিসা, আয়াত : ৩৬।
- [২]. সহীহ্ আল বুখারী; সহীহ মুসলিম।



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন